দৈনিক বাংলা

119

তারিখ ... 17/5/83
পৃষ্ঠা ... 1 কলাম ... 1

# সারা দেশে গণস্কুল প্রকল্প চালু : শিক্ষাকে বাস্তবমুখী করার উদ্যোগ

মির্জাপুর (টাঙ্গাইল), ১৬ই মে (বাসস)।—শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান সোমবার মির্জাপুরে পাইলট গার্লস হাই স্কুলে দেশের প্রথম গণস্কুল প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সরকারী সূত্র জানায়, গত সপ্তাহে সারা দেশে অনুরূপ ৬২টি প্রকল্প চালু হয়েছে এবং চলতি বছরের মধ্যে পল্লী এলাকার থানাগুলোতে এ ধরনের ২শ স্কুল স্থাপন করা হবে। এগুলোর মধ্যে আগামী জুন মাসের মধ্যে ৯২টি স্কুল স্থাপনের কাজ সম্পূর্ণ হবে।

সংশ্লিষ্ট এলাকাসমূহে শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র হিসেবে এইসব প্রকল্পের সম্ভাব্যতা ও কার্যকারিতা পরীক্ষা করে দেখার উদ্দেশ্যে এগুলো চার বছর পরীক্ষামূলক ভিত্তিতে চলবে।

সূত্র জানায়, আগামী বছর এইসব প্রকল্প ২শ থানায় সম্প্রসারিত হবে।

সূত্র আরও জানায়, এই সব থানার প্রতিটিতে একটি করে গণস্কুল ইউনিট গঠনের উদ্দেশ্যে প্রকল্পের আওতায় একটি বালক ও একটি বালিকা উচ্চবিদ্যালয় বাছাই করা হবে।

শিক্ষামন্ত্রী বলেন, গণস্কুল প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে, ছাত্র-ছাত্রী ও গ্রামবাসী উভয়ের জন্যে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা এবং শিক্ষাকে বাস্তব জীবনের কাছাকাছি নিয়ে আসা।

ডঃ খান বলেন, এই প্রকল্পের লক্ষ্য হচ্ছে, পল্লীর জনগণের দ্রুত ও সমন্বিত উন্নয়নে সহায়তা করার জন্যে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে শিক্ষা, জ্ঞানার্জন ও স্থানীয় উন্নয়নের প্রাণকেন্দ্রে পরিণত করা।

এইসব প্রকল্প ক্রমান্বয়ে গণশিক্ষা কেন্দ্রসমূহের সঙ্গে সংযুক্ত

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



শিক্ষামন্ত্রী ডঃ এ মজিদ খান সোমবার টাঙ্গাইলের মির্জাপুরে পাইলট গার্লস হাইস্কুলে গণস্কুল প্রকল্প উদ্বোধন করেন

## উদ্যোগ

(১ম পৃঃ পর)

করা হবে। প্রাথমিক স্কুলগুলোতে এইসব কেন্দ্র খোলা হচ্ছে। মন্ত্রী জানান, গণশিক্ষা কেন্দ্রগুলোকে পল্লীর জনগণের মিলনস্থল এবং পল্লী এলাকায় কর্মরত উন্নয়ন কর্মকর্তাদের সভাস্থলে পরিণত করা হবে।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষিত ও অশিক্ষিতদের মধ্যকার ব্যবধান অপসারণ, শিক্ষা ও বাস্তব জীবন এবং স্কুল ও সমাজের মধ্যে ঘনিষ্ঠতর সম্পর্ক স্থাপনই এইসব প্রকল্পের লক্ষ্য।

এটাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে বর্ণনা করে ডঃ খান বলেন, এই প্রকল্প পল্লী এলাকায় শিক্ষা সম্প্রসারণ ও কারিগরি ক্ষমতা উন্নয়নে অধিকতর গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের ব্যাপারে স্কুলগুলোর সুযোগ বৃদ্ধি করবে। তিনি বলেন, জনগণের দক্ষতার উপযুক্ত উন্নয়ন ছাড়া জীবনযাত্রার মান নেমে যেতে বাধ্য।

ডঃ খান বলেন, সাধারণ মানুষের ইচ্ছা ও সক্রিয় সহযোগিতার ওপর সকল প্রকল্পের সফল বাস্তবায়ন নির্ভর করে। তিনি গণস্কুল প্রকল্পের সাফল্যের জন্যে জনগণের সর্বাত্মক সহযোগিতার আহবান জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা মহাপরিচালক বিগ্রেডিয়ার এ কে এম শামসুল ইসলাম ও টাঙ্গাইলের ডেপুটি কমিশনার বক্তৃতা করেন।